

জীবনের স্বাদ চাই

এখন হেমন্তে আছি,
চারদিকে ক্লিষ্ট নীরস মাটি---
শেকড়ে আর তেমন
রসের যোগান নেই;
বিষণ্ন বাতাসে পাতাঝরার
আগাম ফিসফিসানি।

আজকাল বুড়ো সূর্য
তাড়াতাড়ি ঘুম ঢলে পড়ে,
যতটুকু অবসর পাই
হলুদ রোদ্দুর চেটে পুটে নিই
পিপাসু ন্যাংটো শরীরে।

সকল শরীর জুড়ে জীবনের স্বাদ
অন্ধকার নয়, চাই আলো;
ছায়ার কাছেও আমি তাই
রোদ চাই।

আমার বুক জুড়ে
আবার সবুজের খেলা হবে---
এই সাধক আমাকে প্রাণিত করে,
কচি সবুজের তৃষণ জেগে থাকে
পর্ণমোচী উলঙ্গ শরীরে।

শিবনাথ চত্রবর্তী

